ঝ. Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ কোস্ট গার্ডের ওয়েবপোর্টাল www.coastguard.gov.bd এবং https://jobs.coastguard.gov.bd/ ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.coastguard.gov.bd এবং https://jobs.coastguard.gov.bd/ ওয়েবসাইট হতে জানা যাবে।

ট. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে job@creativesofttechnology.com এবং bcgcivilrecruit@gmail.com ই-মেইল এ যোগাযোগ করা যাবে। Mail এর subject এ Organization Name: BCG. Post Name: ********** Applicants User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ঠ. প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ড. আবেদন শুরুর তারিখ: ১১/১০/২০২৬ এবং শেষ তারিখ: ৩১/১০/২০২৬ পর্যন্ত, শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।

১৫। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বাংলাদেশ কোস্ট গার্ড
অধিদপ্তরের ওয়েবসাইটে
প্রবেশের QR Code

মোহাম্মদ হাবিবুল বিল্যাহ
ক্যাপ্টেন, বিএন
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি

GD-2461

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ কোস্ট গার্ড
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা -১২০৭
www.coastguard.gov.bd

নং ৪৪.০৮.২৬৮০.০৬০.৩২.০০৭.২৬.২৪৩

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩
০৪ অক্টোবর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কোস্ট গার্ডে অসামরিক জনবলের নিম্নবর্ণিত রাজস্বখাতভুক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধিমোতাবেক সরাসরি নিয়োগের জন্য শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে অনলাইনে (https://jobs.coastguard.gov.bd/) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না:

ক্র: নং	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা ও ধরণ	প্রয়োজনীয় যোগ্যতা
(ক)	(খ)	(গ)	(ঘ)
১।	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড- ১৩) (২৪০০০-৫৮০০০)	০১ (এক) টি স্থায়ী পদ	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।
২।	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড- ১৪) (২৩৫০০-৫৬৮০০)	০৫ (পাঁচ) টি স্থায়ী পদ	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।
৩।	ইউ.ডি.এ/কম্পিউটার অপারেটর (গ্রেড- ১৪) (২৩৫০০-৫৬৮০০)	০৩ (তিন) টি স্থায়ী পদ	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিভাগে অন্যূন ২য় শ্রেণির বা সমমানের স্নাতক ডিগ্রী; এবং (খ) কম্পিউটার পরিচালনায় মানসমপন্ন জ্ঞান।
৪।	অটোমেকানিক (গ্রেড- ১৪) (২৩৫০০-৫৬৮০০)	০২ (দুই) টি স্থায়ী পদ	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় অন্যূন ২য় বিভাগে উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টি.টি.সি) বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ১(এক) বৎসর মেয়াদি অন্যূন ২য় শ্রেণির বা সমমানের ট্রেড কোর্স সনদপ্রাপ্ত।
৫।	ড্রাইভার (গ্রেড- ১৫) (২২৮০০-৫৫২০০)	২৫ (পঁচিশ) টি স্থায়ী পদ	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ভারী গাড়ি চালনার বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স; এবং (গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন।
৬।	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড- ১৬) (২১৯০০-৫২৯০০)	০১ (এক) টি স্থায়ী পদ	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।
৭।	অফিস সহায়ক (গ্রেড- ২০) (২০০০০-৪৮৪০০)	০১ (এক) টি স্থায়ী পদ	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

আবেদনের শর্তাবলি:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

০২। ৩১/১০/২০২৬ খ্রিঃ তারিখে প্রার্থীদের বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। তবে,
(ক) বয়স নির্ধারণের ক্ষেত্রে আবেদনের শেষ তারিখের মধ্যে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ প্রজ্ঞাপন প্রযোজ্য হবে।
(খ) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

০৪। নির্ধারিত তফসিল অনুযায়ী সকল পদের লিখিত ও মৌখিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত/মৌখিক/ ব্যবহারিক/অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।

০৫। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ/সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে :
(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;
(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/সিটি কর্পোরেশনের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;
(ঙ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান কোটার প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবি ও নামের সিলসহ) করে সংযুক্ত করতে হবে;
(চ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক স্ব স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র অথবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে;
(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(জ) শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ঝ) তৃতীয় লিঙ্গের কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ঞ) প্রার্থীকে তার কোটা দাবির স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;
(ট) ডাউনলোডকৃত Applicant's copy এর সত্যায়িত কপি; এবং
(ঠ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের মূলকপি/সত্যায়িত ফটোকপি।

০৭। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই সকল শর্তপূরণ সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৮। বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্যপদের সংখ্যা কর্তৃপক্ষ হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

০৯। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবহারিক) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করানো হবে।

১১। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধিবিধান প্রযোজ্য হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি ও পদ্ধতি অনুসরণ করা হবে।

১৩। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ কোস্ট গার্ডের ওয়েব সাইটে (www.coastguard.gov.bd) তে পাওয়া যাবে। এছাড়াও জাতীয় টিভি চ্যানেলসমূহে প্রকাশিত হবে।

১৪। **অনলাইনে আবেদনপত্র পূরণ ও দাখিল করার নিয়মাবলি ও শর্তাবলি:**

ক. আগ্রহী প্রার্থীগণ https://jobs.coastguard.gov.bd/ এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১১/১০/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা।
ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১/১০/২০২৬ তারিখ বিকাল ০৫:০০ টা।
iii) উক্ত সময়ের মধ্যে https://jobs.coastguard.gov.bd/ এ Registration সম্পন্ন করা প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে Make Payment বাটনে ক্লিক করে যেকোনো অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও অনধিক ০৩ (তিন) মাসের মধ্যে তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর ৬০ KB হতে হবে।

গ. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি প্রার্থীর সংরক্ষণ যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

ঙ. **পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার অনধিক ০৩ (তিন) মাসের মধ্যে তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। আবেদন সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে এডমিট কার্ড সংগ্রহের জন্য নির্ধারিত ফি প্রদান করতে হবে। প্রার্থীকে অবশ্যই আবেদন করার ৭২ ঘণ্টার মধ্যে পেমেন্ট সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পেমেন্ট সম্পন্ন না করলে আবেদনটি বাতিল হয়ে যাবে।
পেমেন্ট করার জন্য প্রার্থীকে Make Payment বাটনে ক্লিক করতে হবে। এরপর Online Banking অথবা Banking Card থেকে পছন্দের পেমেন্ট মাধ্যম নির্বাচন করতে হবে। Online Banking নির্বাচন করলে তালিকা থেকে পছন্দের ব্যাংক নির্বাচন করে প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে। এরপর আবেদনকৃত চাকরির জন্য নির্ধারিত ফি প্রদান করে পেমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। Banking Card নির্বাচন করলে কার্ডের প্রয়োজনীয় তথ্য প্রদান করে নির্ধারিত ফি পরিশোধ করতে হবে। bKash নির্বাচন করলে প্রার্থীর bKash নম্বর প্রদান করতে হবে। এরপর bKash থেকে প্রাপ্ত OTP প্রদান করে পেমেন্টের পরবর্তী ধাপে যেতে হবে। পেমেন্ট নিশ্চিত করার জন্য প্রার্থীর bKash PIN প্রদান করতে হবে। প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে প্রদান করে পেমেন্ট সম্পন্ন হলে সিস্টেমে পেমেন্ট সফল হওয়ার বার্তা প্রদর্শিত হবে। পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে প্রার্থী পরবর্তী ধাপে এডমিট কার্ড সংগ্রহ বা ডাউনলোড করতে পারবেন।
সতর্কতা: নিরাপত্তার স্বার্থে bKash OTP ও PIN কারও সঙ্গে শেয়ার করা যাবে না।
পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের (গ্রেড: ১৩-১৬) জন্য জনপ্রতি ১১২/- টাকা এবং প্রতিটি পদের (গ্রেড: ১৭-২০) জন্য জনপ্রতি ৫৬/- টাকা। তবে, অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীদের ক্ষেত্রে কোন পদের জন্য আবেদন ফি বাবদ ৫৬/- টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

চ. Online আবেদনপত্রে প্রার্থীর নিজ নামে নিবন্ধিত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করতে হবে।

ছ. SMS এর মাধ্যমে পরবর্তীতে পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য প্রার্থীকে জানিয়ে দেয়া হবে। প্রার্থী https://jobs.coastguard.gov.bd/ এ ইমেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে প্রবেশপত্র Download পূর্বক প্রিন্ট করে নেবেন। প্রার্থী প্রবেশপত্রটি প্রতিটি পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/মৌখিক) অংশগ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. প্রার্থীগণ Forget Password বাটনে ক্লিক করে নিজেদের পাসওয়ার্ড পুনরুদ্ধার করতে পারবেন । Forget Password ক্লিক করলে প্রার্থীগণকে ফোন নাম্বার দিতে হবে। উক্ত ফোন নাম্বারে প্রার্থীগণকে একটি নতুন পাসওয়ার্ড প্রদান করা হবে।